



বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, সিলেট।

ইমেইলঃ raosylhet@krishibank.org.bd

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির দ্বিতীয় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা বাস্তবায়নের জন্য আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, সিলেট এর নৈতিকতা কমিটির দ্বিতীয় ত্রৈমাসিক সভা ২৮.০৩.২০২৪ খ্রি.তারিখ বিকেল ২.৩০ ঘটিকার সময় আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্যসহ অফিসের সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন। কমিটির সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর যে সমস্ত নির্দেশাবলী ইতোমধ্যে এসেছে তা আলোচিত হয়। সময়মত শাখা, মুখ্য আঞ্চলিক কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় বৃক্কি ভিত্তিক বার্ষিক নিরীক্ষা পরিকল্পনা মোতাবেক নিরীক্ষা সম্পন্নের বিষয় আলোচিত হয়। সভার তারিখ পর্যন্ত সিলেট জেলায় ১৯ টি শাখার অভ্যন্তরীণ নিরীক্ষা ২০২৩-২০২৪ অর্থবছরে সম্পন্ন হয়। ব্যাংকের গ্রাহক, অবসরপ্রাপ্তদের দ্রুত সেবা হিসাবে দায়-দেনা প্রদান, নিরীক্ষা কালীন সময়ে আঞ্চলিক নিরীক্ষা দলসহ অত্র কার্যালয়ের নিরীক্ষা দলকে শাখা, কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের ব্যাংকের নীতিমালা, কর্ম পদ্ধতি বিষয়ে সার্বিক ধারণা প্রদান এবং অভিজ্ঞতা আদান-প্রদানের উপর গুরুত্ব আরোপ করা হয়। নিরীক্ষা দলকে শাখা/কার্যালয়ের পরিষ্কার, পরিচ্ছন্নতা, সিটিজেন চার্টারে উল্লেখিত বিষয়ে তদারকি, শাখার নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে তদারকি ইত্যাদি বিস্তারিত বিষয় আলোচিত হয়। প্রতিবেদন প্রস্তুতকারীকে চলতি কোয়ার্টারের প্রতিবেদন যাচাই-বাছাই করে প্রেরণের পরামর্শ দেয়া হয়। এ বিষয়ে অধিকতর ধারণার জন্য প্রয়োজনে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার সহযোগিতা গ্রহণের পরামর্শ দেয়া হয়।

সভায় আর কোন বিষয় আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(উজ্জ্বল কুমার সূত্রধর)
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা

নং বিনিকাসি/প্রশা-০২/২০২৩-২০২৪/৩৯০

তারিখঃ ২৮.০৩.২০২৪ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট।
- ০৩। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, পরিপালন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট।
- ০৬। নথি।


(মোঃ জালাল উদ্দিন তালুকদার)
কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, সিলেট



বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, সিলেট।



ইমেইলঃ raosylhet@krishibank.org.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির তৃতীয় সভা

তারিখ : ২৮.০৩.২০২৪ খ্রি.

বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, সিলেটে জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির

উপস্থিত কর্মকর্তা-কর্মচারীগণের স্বাক্ষরসহ তালিকা

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব উজ্জ্বল কুমার সূত্রধর	আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা	 26/03/2024
০২	জনাব জালাল উদ্দিন তালুকদার	কর্মকর্তা	
০৩	জনাব দুলাল আহমদ	পরিদর্শক	